

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

.....

কিন্তু তখন কি অবস্থা দাঁড়াবে যখন আমি তাদেরকে একদিন সমবেত করবো যে দিনের আগমনে কোন সন্দেহ নেই আর নিজেদের কৃতকর্ম তাদের প্রত্যেকেই পারে তাদের প্রাণ্য প্রদান মোটেই অন্যায় করা হবে না।

সূরা আল ইমরান ২৫

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ০৮ মার্চ ২০২৬ ॥ ১৮ রমজান ১৪৪৭ ॥ ২৩ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৯৪ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



যাকাত ব্যবস্থাপনার মাধ্যমেই দারিদ্র্য বিমোচনে কার্যকর ভূমিকা রাখা সম্ভব
কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, শুধুমাত্র যাকাত ব্যবস্থাপনার মাধ্যমেই দেশে দারিদ্র্য ২ এর পাতায় দেখুন



সংসদের নেতিবাচক সংস্কৃতি মুছে ফেলতে চায় বিএনপি
কীর্তনখোলা ডেস্ক
জাতীয় সংসদের অতীতের নেতিবাচক সংস্কৃতি থেকে বেরিয়ে এসে একটি নতুন রাজনৈতিক সংস্কৃতি গড়ে তুলতে চায় বিএনপি ২ এর পাতায় দেখুন



দেশে তেলের পর্যাপ্ত মজুত রয়েছে, উদ্বেগের কারণ নেই
কীর্তনখোলা ডেস্ক
মধ্যপ্রাচ্য পরিস্থিতির কারণে ইতোমধ্যে বৈশ্বিকভাবে জ্বালানি তেলের সরবরাহ কমে গেছে। এতে দেশে জ্বালানি তেলের সংকটের ২ এর পাতায় দেখুন



সমঝোতা করলে তারাই অপকর্ম ধামাচাপা দিত
কীর্তনখোলা ডেস্ক
নিজের 'সমঝোতা' করে চলতে না পারার 'ক্যারেক্টার' এখন আশপাশের সবার জন্য বিপজ্জনক হয়ে উঠেছে বলে ২ এর পাতায় দেখুন

দুই গৃহবধূকে হত্যা এক গৃহবধূকে পিটিয়ে অপরজনকে নির্যাতনে

বরগুনা প্রতিনিধি
বরগুনায় আলমতাজ বেগম ও আছিয়া বেগম নামে দুই গৃহবধূকে হত্যার অভিযোগ পাওয়া গেছে। এদের মধ্যে আলমতাজকে শাবল দিয়ে পিটিয়ে ও আছিয়াকে ঘোঁড়কের দাবীতে নির্যাতনে হত্যা করা হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় ও পরিবারের সদস্যরা। আলমতাজকে হত্যার সময় ঘরে স্বর্ণালঙ্কার ও নগদ টাকা থাকলেও তা খোঁয়া যায়নি। এ ঘটনায় হত্যাকাণ্ডে ব্যবহৃত শাবলটি জব্দ করা হলেও কাউকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। মরদেহ সুরতহাল প্রতিবেদন শেষে ময়নাতদন্তের জন্য বরগুনা জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। শুক্রবার (৬ মার্চ) সন্ধ্যার দিকে বরগুনা সদর উপজেলার ১০ নম্বর নলদেটা

দিল মাহমুদ নামক এলাকায় এ ঘটনা ঘটে। নিহত আলমতাজ ওই এলাকার আবুল হাওলাদারের জ্বী। তিনি তিন সন্তানের জননী ছিলেন। পুলিশ ও স্থানীয়রা জানান, ঘটনার সময় নিহত আলমতাজ তার নিজ বাড়িতে একা ছিলেন। এ সুযোগে দুর্বৃত্তরা শাবল দিয়ে পিটিয়ে তার মুখ খেঁতলে হত্যা করেন। শাবলের উপরপুরি আঘাতে আলমতাজের মাথায় মিলুর একাংশ ঘটনাস্থলে বের হয়ে যায়। এছাড়া খেঁতলামে মুখমণ্ডল থেকে ফ্নিকি দিয়ে রক্ত বের হয়ে ঘরের দেয়ালে ছিটকে পড়ছে যায়। নাজিম হোসেন তানভী নামে স্থানীয় এক বাসিন্দা বলেন, খবর শুনে ইফতারের পর ওই বাড়িতে এসে মরদেহ পরে থাকতে দেখি। আমার জানামতে তাদের সঙ্গে কারো কোনো বিরোধ ছিল না। এমনকি তার শরীরের স্বর্ণালঙ্কারও ২ এর পাতায় দেখুন



নিহত আছিয়া বেগম

বাউফলে কলেজছাত্রীর লাশ উদ্ধার

বাউফল প্রতিনিধি
বাউফলে মারিয়া আক্তার (১৯) নামে এক কলেজ ছাত্রীর লাশ উদ্ধার করেছে পুলিশ। তিনি ইঞ্জিনিয়ার ফারুক তালুকদার মহিলা ডিগ্রি কলেজের উচ্চ মাধ্যমিক প্রথম বর্ষের শিক্ষার্থী ছিলেন। শনিবার (৭ মার্চ) তোররাতে উপজেলার দাসপাড়া ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের চাউঁ বাড়ি এলাকা থেকে তার লাশ উদ্ধার করা হয়। মারিয়া আক্তার খেজুরবাড়িয়া গ্রামের রিয়াজ আকনের মেয়ে। প্রায় তিন মাস আগে একই ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের মোহাম্মদ রাশেদের সঙ্গে তার বিয়ে হয়। বিয়ের পর থেকেই তিনি স্বামীর বাড়িতে বসবাস করছিলেন। পুলিশ জানায়, পারিবারিক অতিমানের জেজের মারিয়া আক্তার ফসলের পোকা দমনের বিষ পান করেন। পরে তাকে ২ এর পাতায় দেখুন



বরিশাল মহানগর যুবদল নেতা রিয়াজুর রহমান রিয়াজের বাবা-মায়ের রুকের মাগফেরাত কমানায় দোয়া-কীর্তনখোলা

চার বছরেও শেষ হয়নি জেনারেল হাসপাতালের নতুন ভবন নির্মাণ কাজ

কীর্তনখোলা রিপোর্ট
নির্ধারিত সময়সীমা পার হয়েছে ৪ বছর আগে। ১৮ মাসের কাজ গড়িয়েছে ৪৮ মাসে। তবুও শেষ হয়নি বরিশাল জেনারেল হাসপাতালের ২৫০ শয্যা বিশিষ্ট নতুন ভবনের নির্মাণ কাজ। গণপূর্ত অধিদপ্তরের এই চরম ধীরগতিতে চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছেন দক্ষিণাঞ্চলের হাজারো মানুষ। বর্তমানে শয্যা সংকটে হাসপাতালের মেঝেতে চিকিৎসা নিতে বাধ্য হচ্ছেন রোগীরা। হাসপাতাল সূত্রে জানা গেছে, ২০২২ সালে প্রায় ২৩ কোটি টাকা ব্যয়ে ১২ তলা বিশিষ্ট বরিশাল জেনারেল হাসপাতাল ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রচলিত বাংলা ভাষাপট্টিত ও ব্যাকরণবিশিষ্ট বরিশাল সরকারি ব্রহ্মচর্যমহন কলেজ, খালসা বিশ্ববিদ্যালয় সার্বক বিজ্ঞানীরা প্রধান এবং বাংলাদেশ মন্ত্রনালয় শিক্ষাবোর্ডের সাবেক সচীবালা সিন্ধুকে

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা




উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আশেদারবাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুসমন্বীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্ডা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি শাহাবুজ্জামান, সদর রোড, বরিশাল 01711-264963	অরুণের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অরুণের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শাহাবুজ্জামান, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হাজর নল দে কলকাতা মার্কেট, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাজর নল দে কলকাতা মার্কেট, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম. কলকাতা মার্কেট 01726-074663	হক লাইব্রেরি বি.এম. কলকাতা মার্কেট 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলকাতা মার্কেট 01717-488083



রমজানের শিক্ষাঃ আল্লাহর আনুগত্য ও রাসুলের (সা.) আদর্শ

মাওলানা মোহাম্মদ ইউসুফ
পবিত্র মাহে রমজানের আজ ১৮তম দিবস। সিয়াম সাধনার এই পর্যায়ে আমাদের উপলব্ধিতে আসা প্রয়োজন যে, ইবাদতের মূল ভিত্তি হলো আল্লাহর নিরঙ্কুশ আনুগত্য এবং বিশ্বনবী হযরত মুহাম্মদ (সা.)-এর সূর্যাহর পরিপূর্ণ অনুসরণ। রমজান আমাদের শোখায় যে, নিজের ইচ্ছা বা খেয়ালখুশি অনুযায়ী নয়, বরং ঐশ্ব্যর বেধে দেওয়া ২ এর পাতায় দেখুন

ধানমন্ডি ৩২ নম্বর ফুল দিতে গিয়ে ৪ জন গ্রেপ্তার সন্ত্রাসবিরোধী আইনে মামলা

কীর্তনখোলা ডেস্ক
ঐতিহাসিক ৭ মার্চ ফুল নিয়ে রাজধানীর ধানমন্ডির ৩২ নম্বর যাওয়ার পথে চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তাদের বিক্ষুব্ধ মামলা হয়েছে সন্ত্রাসবিরোধী আইনে। শনিবার সকাল সাড়ে ডটার দিকে বঙ্গবন্ধুর বাসভবনের কাছে স্কয়ার হাসপাতালের বিপরীতের সড়ক থেকে তাদের আটক করা হয় বলে পুলিশ জানিয়েছে। কলাবাগান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফজলে ২ এর পাতায় দেখুন

বরিশালসহ দুই বিভাগে বজ্রবৃষ্টি, বাড়বে রাতের তাপমাত্রা

কীর্তনখোলা ডেস্ক
খুলনা ও বরিশাল বিভাগের দুয়েক জায়গায় বজ্রবৃষ্টি হওয়ার সঙ্গে সঙ্গে সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। শনিবার (৭ মার্চ) সন্ধ্যা ডটা থেকে পরবর্তী ১২০ ঘণ্টার পূর্বাভাসে এসব তথ্য জানানো হয়। আবহাওয়াবিদ মো. তরিফুল নেওয়াজ জব্বার জানান, লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান ২ এর পাতায় দেখুন



বরিশালে নেই অকটেন পেট্রোল বিক্রি বন্ধ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে পেট্রোল পাম্পগুলোতে অকটেন সংকট দেখা দিয়েছে। তাছাড়া সংকট থাকায় দুই লিটারের বেশি মিলছে না পেট্রোল। কোনো কোনো পাম্পে টাঙ্কিয়ে দেওয়া হয়েছে 'অকটেন' এবং পেট্রোল নেই' লেখা নোটিশ। চাহিদা বেড়ে যাওয়ায় মোটরসাইকেলে ২ এবং

প্রাইভেটকারে ১০ লিটারের বেশি পেট্রোল বিক্রি হচ্ছে না। ফলে অকটেন বা পর্যাপ্ত পেট্রোল না পেয়ে ফিরছেন মোটরসাইকেল ও প্রাইভেটকারসহ অন্যান্য যানবাহনের মালিক এবং চালকরা। শনিবার (৭ মার্চ) সকাল থেকে নগরীর নতুন বাজার, নথুল্লাবাদ, কাশিপুর, রূপাতলীসহ বিভিন্ন এলাকার

পেট্রোল পাম্প ঘুরে এমন চিত্রই দেখা গেছে। রূপাতলী এলাকায় ডেস্ট পাম্পে তেল নিতে আসা মোটরসাইকেল চালক মো. মাসুদ বলেন, যুজের কারণে তেলের সংকট হতে পারে। পরে যদি না পাওয়া যায় সেই শঙ্কায় পাম্পে ছুটছে সবাই। বেশি করে তেল সংগ্রহ করছেন তারা। আতঙ্কগ্রস্থ হয়েই ২ এর পাতায় দেখুন



বরিশাল সাংস্কৃতিক কেন্দ্রের ইফতার মাহফিল অনুষ্ঠিত

কীর্তনখোলা রিপোর্ট
নগরীর প্যাভিলিয়ন কনভেনশন হলে গতকাল ৭ই মার্চ বিকেলে বরিশাল সাংস্কৃতিক কেন্দ্রের আয়োজনে অনুষ্ঠিত হয়েছে ইফতার মাহফিল। পবিত্র কোরআন তেলাওয়াত, হামদে বারি তায়াল্লা এবং ইসলামী সংগীত পরিবেশন এর মধ্য দিয়ে শুরু হয়েছে ঐতিহাসিক বদর দিবসের এই দিনে। এতে প্রধান অতিথির ছিলেন সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের সাবেক প্রফেসর মাহমুদ হোসেন দুলাল।

প্রধান আলোচক পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মামুন উর রশিদ। বরিশাল সাংস্কৃতিক কেন্দ্রের পরিচালক আযাদ আলআউমিনের উদ্বোধনী বক্তব্যের পর 'রমজান মাসে সংঘটিত ঘটনাবলি' শিরোনামে মাহমুদ ইউসুফের সকলিত প্রবন্ধ উপস্থাপন করেন বরিশাল সাংস্কৃতিক কেন্দ্রের সহ-সভাপতি মো: আব্দুল হাই। বক্তারা রামজানের শিক্ষা বাস্তব জীবনে অনুশীলনের মাধ্যমে তাকওয়া ২ এর পাতায় দেখুন

গৌরনদীতে হাতুড়ে চিকিৎসকের ইনজেকশনে যুবকের মৃত্যু

গৌরনদী প্রতিনিধি

সড়ক দুর্ঘটনায় আহতদের দেখতে গিয়ে নিজেই সড়ক দুর্ঘটনায় আহত হয়েছেন ব্যবসায়ী সুমন বেপারী (৩৫)। তাকে উদ্ধার করে স্থানীয় পল্লী চিকিৎসকের কাছে নেয়া হলে ব্যাথার ইনজেকশন পুশ করা হয়। এতে আরো অসুস্থ হয়ে পরলে প্রথমে উপজেলা হাসপাতালে এবং পরবর্তীতে বরিশাল শের-ই বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়ার পর মৃত্যুর কোলে ঢলে পড়েন সুমন। মৃত সুমন গৌরনদী উপজেলার ধানডোবা

গ্রামের শাহ আলম বেপারীর একমাত্র ছেলে। সে (সুমন) তার বাবার সাথে টরকী বন্দরে দীর্ঘবছর যাবত আদর্শ লাইব্রেরী নামের একটি ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করে আসছিলেন। শুক্রবার (৬ মার্চ) দিবাগত রাত্রে মৃত সুমনের মরদেহ তার নিজ বাড়িতে নিয়ে আসার পর পুরো এলাকায় শোকের প্রথমে বাজা জানিয়েছেন, শুক্রবার সকালে ঢাকা-বরিশাল মহাসড়কের কনবা এলাকায় একটি সড়ক দুর্ঘটনায় দুইজন নিহত ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নোছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

ভোলায় পুকুরের পানিতে

হাসপাতালে নিয়ে গেলে কণ্ঠব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। ভোলা সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, পরিবারের কোন অভিযোগ না থাকায় লাশ বিনা ময়নাতদন্তে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীকে

কর অভিযোগ করে বলেন, আমি দুপুরের রান্না করার জন্য পিছনের বারান্দায় ছিলাম। আমার প্রতিবেশী রতন মোল্লা আমার ছোট মেয়েকে ঘরের সামনের বারান্দায় একা পেয়ে তার স্পর্শকাতর হানে হাত দিয়ে সজোরে চাপ মারে। আমার মেয়ে ব্যথা পেয়ে ডাক চিৎকার দিলে আমি ওখানে গিয়ে রতন মোল্লাকে দেখতে পাই। আমাকে দেখে রতন মোল্লা দৌড়ে পালিয়ে যায়। পরবর্তীতে আমার স্বামীকে বিষয়টি জানালে আমার মেয়ে সব ঘটনা খুলে বলে। আমার মেয়ের সাথে যে ঘটনা ঘটেছে আমি তার বিচার চাই। স্থানীয় ফয়সাল হোসেন বলেন, স্থলছাত্রীটির বাবার সাথে অভিজুজ রতন মোল্লার সাথে ভালো সম্পর্ক ছিল। তাই ওই বাড়িতে তিনি প্রায়শই যাতায়াত করত। ওই স্থল ছাত্রীটিকে সামনের বারান্দায় একা পেয়ে খারাপ উদ্দেশ্য চরিতার্থ করার চেষ্টা করেছিল। মেয়েটির চিকার শুনে তার পরিবার ঝাঁপিয়ে পড়ায় কোন অঘটন ঘটাতে পারিনি। রতন মোল্লার এ ধরনের কাজ করা ঠিক হয়নি। তার বিচার হওয়া উচিত। এ বিষয়ে অভিজুজ রতন মোল্লার মৃতাফোন কল দিলেও তিনি রিসিভ করেননি বাড়িতে গেলে সাক্ষাতে তার স্ত্রী সাবিনা বলেন, বিষয়টা আমি শুনেছি। নিজের মেয়ের বয়সী কোন ছাত্রীকে যদি তিনি এ ধরনের কাজ করে থাকে তাহলে তার শাস্তি হওয়া উচিত। ঘটনার সাথে সাথে তিনি বরিশাল তার কোন এক বন্ধুর বাসায় বেড়াতে গিয়েছেন বলে আমাকে জানিয়েছেন। নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মেহেন্দ্ী হাসান বলেন, এ বিষয়ে কোন অভিযোগ পাইনি। অভিযোগ গেলে তদন্ত সাপেক্ষে আইনত পদক্ষেপ গ্রহণ করা হবে।

বিয়েতে রাজি না হওয়ায় অশ্লীল

তাকে মারধর ও জামাকাপড় খুলে ভিডিও ধারণ করে বিবাহের কথা বলে চাল খেয়। এরপর গুরুবাবর কোতোয়ালি মডেল থানায় হৃদয়ের বিরুদ্ধে মামলা দায়ের করেন ওই তরুণী। প্রেমিক হৃদয় বলেন, তার সঙ্গে চার বছর যাবত প্রেম চলেছে ওই তরুণীর। গত বছর বরিশাদের অম্বুদলাল দে কলেজে ভর্তি হওয়ার পর একাধিক ছেলের সঙ্গে প্রেমের সম্পর্কে জড়িয়ে পড়েন তার প্রেমিকা। তাই তাকে ছেড়ে যেন অন্য কোনো ছেলেকে বিবাহ না হলেও পরে সেজন্য প্রেমিকার ভিডিও ধারণ করে মোবাইলে সংরক্ষণ করে রাখে হৃদয়।

অপারেশন থিয়েটারে শিশুর

হয়। তিনি আরও বলেন, হাসপাতালে ভর্তির পর কোনো চিকিৎসা সেবা পাননি তারা। সারা দিনে কোনো চিকিৎসক-নার্সের খবর ছিল না। রাত ৯টার দিকে নার্স এসে বলে, লিমনকে ওটিতে নিয়ে যেতে। শিশুর চাচা বলেন, ঘটনার সময় আমি ওটির মধ্যে ছিলাম। নাজমুল হাসান নামের ওই অফিস সহায়ক লিমনের হাত অবশ করতে ইনজেকশন পুশ করতে ছিল। এসময় ব্যথায় চিৎকার এবং নড়াচড়া করলে অফিস সহায়কের হাত থেকে সিরিঞ্জটি পড়ে যায়। এতে দ্রুত হয়ে নাজমুল কণ্ঠে ধারপ্রভ বাসিয়ে দেন লিমনের ডান গালে। এতে গালে তার আঙুলের ছাপ এবং চোখে রক্তজমাট বেঁধে যায়। কিন্তু চিকিৎসার স্বার্থে ওটির মধ্যে তখন কোনো প্রতিবাদ করিনি। আনন্দের সিকলার বলেন, ঘটনাটি প্রকাশ গেলে নড়েচড়ে বসে হাসপাতাল প্রশাসন। এর পরিস্থেকিতে শনিবার দুপুরের দিকে অভিজুজ অফিস সহায়ক জিএম নাজমুল হাসানকে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। হাসপাতাল পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডা. একেএম মশিউল মুনির বলেন, এ ধরনের কর্মকাণ্ডে জড়িত কাউকেই ছাড় দেওয়া হবে না। শিশু রোগীর স্বজনদের কাছ থেকে অভিযোগ পেয়ে অভিজুজ অফিস সহায়ককে তাৎক্ষণিক চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। পাশাপাশি তার ঈদ বোনাসসহ সব ধরনের বেতন-ভাতা বন্ধ করা হয়েছে। এছাড়া তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য অধিদপ্তরে চিঠি দেওয়া হচ্ছে বলে জানান তিনি।

মেঘনায় মৎস্য অধিদপ্তরের অভিযানে

গোষ্ঠ উপজেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ আলম এ তথ্য নিশ্চিত করেছেন। হিজলা মৎস্য দপ্তর জানায়, মেঘনা নদীকে মৎস্য অভয়ারণ্য ঘোষণা করে। মাস থেকে ৩০ এপ্রিল মাস ধরায় নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। জরিপের নিষেধাজ্ঞা অমান্য করে জেলেরা অবৈধ বেহুদি জাল নিয়ে শনিবার সকালে আলীগঞ্জ এলাকায় মাছ শিকারে নামেন। গোপান সবদোষে ভিজিতে উপজেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ আলম ও হিজলা নৌ পুলিশের উপপরিদর্শক (এসআই) শাহীন আলমের নেতৃত্বে একটি দল নদীতে অভিযানে যান। ওই সময় ৮-১০ জন জেলে সংঘবদ্ধ হয়ে অভিযানে থাকা দলের ওপর মামলা চালায়। পরে পুলিশ কঠোর ব্যবস্থা নেওয়ার ঘোষণা দিয়ে স্পিডবোট নিয়ে ধাওয়া দিলে জেলেরা পিছু হটে। এ সময় অনুরা পালিয়ে গেলেও একটি ট্রলার, বড় বেহুদি জালসহ ২ জেলেকে আটক করে পুলিশ। আটক জেলেরা হলেন মেহেন্দ্ীপাঞ্জের উলানিয়া গ্রামের জাহাঙ্গীর মাবি (৪০) ও মো. মারুফ হোসেন (২৪)। গোষ্ঠ উপজেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ আলম বলেন, অভিযানকালে ৮-১০ জন জেলে বড় বড় বাশের লাঠি দিয়ে হামলা করেছেন। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। আটক দুই জেলেকে ভ্রাম্যমাণ আদালতে ৫ হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন হিজলা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট অড জ্যোতি বড়ুয়া। এ ছাড়া বেহুদি জাল পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে এবং জন্দকুত ট্রান্সারটি পর দরপত্রের মাধ্যমে বিক্রি করে অর্থ সরকারি কোষাগারে রাজস্ব জমা করে দেবে।

ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান

আওয়ামী লীগ সমর্থিত সদস্যরা ইউনিয়ন পরিষদে না এলেও শনিবার (৭ মার্চ) তারা পরিষদে উপস্থিত হয়। উদ্দেশ্য ছিল পূর্বের প্যানেল চেয়ারম্যানকে বার্ষ দিনে ইউপি সদস্যদের মধ্য থেকে অন্য কাউকে প্যানেল চেয়ারম্যান নিযুক্ত করা। বিষয়টি নিয়ে ইউপি সদস্যদের মধ্যে থেকে দুই পক্ষ বিভক্ত হয়ে যায়। ইউপি সদস্যদের দুই পক্ষের মধ্যে এক পক্ষে বিজেপি ও অন্য পক্ষে বিএনপি নেতারা অবস্থান নেন। দুই পক্ষ প্যানেল চেয়ারম্যান বানানো নিয়ে কথা-কাটাকাটি, হাতাহাতি ও সংঘর্ষে লিপ্ত হয়। এ সময় আওয়ামী লীগ সমর্থিত ইউপি সদস্য আব্দুল বারেককে মারধর করা হয়। তবে তিনি মারধরের বিষয়টি আঁতাকার করেছেন। পরে উপজেলা বিএনপির সদস্যসচিব মো ফেলাল উদ্দিন বলেন, এ আগুনের পরে আওয়ামী লীগ সমর্থিত ইউপি সদস্যরা পরিষদে আসা বন্ধ করে দেন। তাদের স্টেটার দিয়ে বিজেপির নেতারা শনিবার পরিষদে নিয়ে আসেন। আবার তাদের পছন্দমতো ইউপি সদস্যদের প্যানেল চেয়ারম্যান বানানোর পায়তারা করছেন। এটা নিয়ে হাতাহাতি ও কথা-কাটাকাটি হয়েছে। এখানে অন্য কিছু হয়নি। বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) ভোলা জেলার সাধারণ সম্পাদক মো. মোতাসিম বিল্লাহ বলেন, এখানে বিজেপির কোনো সদস্য নেই। একপক্ষ বিজেপি সমর্থিত বিএনপি নেতা। আরেক পক্ষ বিজেপি বিরোধী বিএনপির সদস্য। মূলত ইউনিয়ন পরিষদের বরাদ্দ নিয়ে তাদের মধ্যে এ বিরোধ বদে দাঁড় করেন তিনি। ভোলা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আরিফুজ্জামান বলেন, পরিষদে দুই পক্ষের মধ্যে বিরোধ ও হাতাহাতি হয়েছে। তবে কি নিয়ে হয়েছে সেটি জানা নেই।

ইরান ‘আত্মসমর্পণ করেছে’

(০৭ মার্চ) আলজাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। নিজের সামরিক যোগাযোগমাধ্যম টুথ স্যোশালে দেওয়া এক বার্তায় ট্রাম্প বলেন, ইরান প্রতিবেশী দেশগুলোর কাছে ক্ষমা চেয়েছে এবং প্রতিশ্রুতি দিয়েছে যে তারা আর তাদের ওপর হামলা চালাবে না। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের নিরবচ্ছিন্ন হামলার কারণেই ইরান এই প্রতিশ্রুতি দিতে বাধ্য হয়েছে। একই সঙ্গে ট্রাম্প সতর্ক করে বলেন, আজই ইরানের ওপর ‘খুব কঠোর’ হামলা চালানো হতে পারে। অন্যদিকে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান এক ভিডিও বার্তায় বলেন, ইরানের অন্তর্বর্তী নেতৃত্ব পরিষদ সিদ্ধান্ত নিয়েছে যে প্রতিবেশী দেশগুলোর বিরুদ্ধে ইরান হামলা চালানো হবে না। তবে সেসব দেশ থেকে ইরানের ওপর আক্রমণ শুরু হলে জবাব দেওয়া হবে। এদিকে ইরানের বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) এক বিবৃতিতে সতর্ক করে বলেছে, ইরানের ওপর হামলা অব্যাহত থাকলে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সব সামরিক ঘাঁটি এবং স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রধান লক্ষ্যবস্তু হিসেবে বিবেচনা করা হবে। ট্রাম্প তার

বার্তায় আরও বলেন, ইরানের খারাপ আচরণের কারণে এমন কিছু এলাকা ও গোষ্ঠীকে লক্ষ্যবস্তু করার বিষয়টি এখন বিবেচনায় নেওয়া হচ্ছে, যেগুলো আগে হামলার তালিকার ছিল না। এর আগে আইআরজিসি জানিয়েছে, সংযুক্ত আরব আমিরাতের অবস্থিত মার্কিন সামরিক স্থাপনাকে লক্ষ্য করে হামলা চালানো হয়েছে। শনিবার এক বিবৃতিতে বলা হয়েছে, আল ধাফরা বিমানঘাটিতে থাকা মার্কিন যুদ্ধবিমান কেন্দ্র এবং একটি স্যাটেলাইট যোগাযোগ কেন্দ্রকে লক্ষ্য করে হামলা চালানো হয়েছে। র‍াষ্ট্রীয় গণমাধ্যমের বরাতে বলা হয়েছে, মধ্যপ্রাচ্যে অঞ্চলে যুক্তরাষ্ট্রের সামরিক সম্পদের বিরুদ্ধে চলমান অভিযানের অংশ হিসেবেই এই হামলা চালানো হয়েছে। আল ধাফরা আবুধাবির কাছে অবস্থিত একটি গুরুত্বপূর্ণ সামরিক ঘাঁটি। এ জায়গাটিতে মার্কিন বাহিনী মোতায়েন রয়েছে। পারস্য উপসাগর অঞ্চলে যুক্তরাষ্ট্রের বিমান অভিযানের জন্য এটি একটি প্রধান কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়।

প্রতিবেশী দেশে হামলা হবে না, নিশ্চিত

সন্ধান করি, তবে যদি আক্রমণ অব্যাহত থাকে তবে সমস্ত মার্কিন-ইসরায়েল ঘাঁটি এবং স্বার্থ লক্ষ্যবস্তুতে পরিণত হবে।' ইরানি প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের একটি ভিডিও বার্তা প্রকাশের পর আইআরজিসির খাতাআ আল-আখিয়া সদর দপ্তর থেকে আল জাজিরার কাছে এ ধরনের একটি বিবৃতি এসেছে। বিবৃতিতে বলা হয়েছে, ইরানের অন্তর্বর্তীকালীন নেতৃত্ব পরিষদ প্রতিনেধী দেমগুলোর ওপর আক্রমণ বন্ধ করার অনুরোধান দিয়েছে। যদি সেসব দেশ থেকে ইরানের ওপর আক্রমণ না আসে তাহলে সেখানে কোনো হামলা হবে না। ইরানের র‍াষ্ট্রীয় গণমাধ্যমে প্রচারিত বিবৃতিতে বলা হয়েছে, ‘প্রেসিডেন্টের বক্তব্যের পর, সমস্ত বাহিনী আরও যোগ্যতা করছে যে তারা প্রতিবেশী দেশগুলোর স্বার্থ এবং জাতীয় সার্বভৌমত্বকে সমান করে এবং এখন পর্যন্ত তাদের বিরুদ্ধে আত্মসম্মূলক কোনো কিছু করেনি।' প্রতিবেশী দেশে আর হামলা নয়, ক্ষমাও চাইলেন ইরানি প্রেসিডেন্টপ্রতিবেশী দেশে আর হামলা নয়, ক্ষমাও চাইলেন ইরানি প্রেসিডেন্ট বিবৃতিতে আরও বলা হয়, ‘তবে, যদি পূর্ববর্তী শত্রুতামূলক কর্মকাণ্ড অব্যাহত থাকে, তাহলে স্থল, সমুদ্র ও আকাশে অপর্যায়ী আমেরিকা এবং ভুয়া ইহুদিবাদী সরকারের সমস্ত সামরিক ঘাঁটি এবং স্বার্থকে প্রাথমিক লক্ষ্যবস্তু হিসেবে বিবেচনা করা হবে এবং ইসলামি প্রজাতন্ত্র ইরানের শক্তিশালী শসস্ত্র বাহিনীর শক্তিশালী ও বিক্ষণশী হামলার আওতায় আনা হবে।' এর আগে ইরানি র‍াষ্ট্রীয় টেলিভিশনে দেওয়া রেকর্ডকৃত ভাষণে প্রেসিডেন্ট পেজেশকিয়ান অত্যন্ত নমনীয় সুরে বলেন, ‘প্রতিবেশী দেশগুলো, যারা আমাদের হামলার শিকার হয়েছে, তাদের কাছে আমি ক্ষমা চাওয়া প্রদানেন বলে মনে করি। আমাদের কোনো প্রতিবেশী দেশ দশরের বিন্দুমাত্র অভিযায় নেই।' হঠাৎ কেন প্রতিবেশী দেশে হামলা বন্ধের ঘোষণা দিল ইরান, নেপথ্যে কীভাবে কেন প্রতিবেশী দেশে হামলা বন্ধের ঘোষণা দিল ইরান, নেপথ্যে কী এদিকে আইআরজিসি ২৫তম ধাপের ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার ঘোষণা দিয়েছে। সামরিক ও সামরিক সহায়তা কেন্দ্রগুলিকে লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ও ড্রোন ব্যবহার করা হয়েছে বলে জানিয়েছে তারা। ইরানের র‍াষ্ট্রীয় গণমাধ্যমে প্রচারিত একটি সংক্ষিপ্ত বিবৃতিতে আইআরজিসি জানিয়েছে, অভিযানে ইহুিপারসনিক ক্রাভ ক্ষেপণাস্ত্র এবং ব্যালিস্টিক এমান ক্ষেপণাস্ত্র ব্যবহার করা হয়েছে।

পিরোজপুর জেলা হাসপাতালে

করে। এ বিষয়ে পিরোজপুর জেলা সিভিল সার্জন মো. মতিউর রহমান বলেন, আমরা সকালে বিষয়টি দেখতে গেয়ে থানায় অভিযোগ দায়ের করছি। চুরি হওয়া সামান্যদের আনুমানিক বাজার মূল্য ছয় থেকে সাত হাজার টাকা। জেলা হাসপাতালে চুরির ঘটনা এটিই প্রথম নয়। এর আগেও হাসপাতালের ছিল কেটে নগদ টাকা ও একটি ক্যামেরা চুরির ঘটনা ঘটেছিল।

৭ মার্চ উপলক্ষে ছাত্রলীগের

সূত্রে জানা গেছে, শেখ হাসিনা সরকারের পতনের পর ৭ মার্চ উপলক্ষে এই প্রথমবারের মতো বেতাগী সরকারি কলেজ এলাকায় একাধ্যে ছাত্রলীগের নেতাকর্মীদের পতাকা উত্তোলন করতে দেখা গেছে। পতাকা উত্তোলনের পর মেহেন্দ্ী হাসান মুসা তার ব্যক্তিগত ফেসবুক আইডিতে এ সংক্রান্ত একটি ভিডিও আপলোড করেন। ভিডিওতে তাকে বলতে শোনা যায়, ‘আজ ৭ মার্চ। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক রোহেরাশ ময়দানের আয়োজন দিন। আমি ছাত্রলীগের একজন ক্ষুদ্র কর্মী হিসেবে বেতাগী সরকারি কলেজে ছাত্রলীগের পতাকা উত্তোলন করলাম। গিন্না বাংলা, জুব বঙ্গবন্ধু।’ এ বিষয়ে কথা বলতে মেহেন্দ্ী হাসান মুসার মুঠোফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হয়েছে তার পাওয়া যায়নি। তবে জেলা ছাত্রলীগের সভাপতি রেজাকুল কবির রেজা বলেন, ‘জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণের ওপর ভিত্তি করেই এই দেশে মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছে এবং দেশে স্বাধীনতা অর্জন করেছে। সেই ভাষণের প্রতি শ্রদ্ধা জানানোই বেতাগী সরকারি কলেজ ছাত্রলীগের পক্ষ থেকে পতাকা উত্তোলন করা হয়েছে।’ এ বিষয়ে বেতাগী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জুয়েল আহমেদ বলেন, ‘বিষয়টি আমার জানা নেই। খোঁজখবর নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।’

সিএনজি স্ট্যান্ড দখল নিয়ে

উপজেলার চৌরাস্তা নামক এলাকায় ঘণ্টা ঘটে। আহতদের উদ্ধার করে আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। আহতরা হলেন- সিএনজিচালিত অটোরিকশা মালিক সমিতির সভাপতি ও পৌর শ্রমিক দলের সভাপতি মিল্টন মিয়া (৪২) ও উপজেলা যুবদলের সদস্য ও সিএনজি মালিক সমিতির সাধারণ সম্পাদক রাসেল আকন (৩৮)। স্থানীয় সূত্রে জানা গেছে, সিএনজি স্ট্যান্ডের নিয়ন্ত্রণ নিয়ে দীর্ঘদিন ধরে মিল্টন মিয়া ও রাহাত ফকিরের মধ্যে বিরোধ চলে আসছে। এর জেরে শনিবার দুপুরে রাহাত ফকিরের নেতৃত্বে একদল লোক মিল্টন মিয়ার ওপর হামলা চালায়। এতে মিল্টন মিয়া ও রাসেল আকন গুরুতর আহত হন। পরে স্থানীয়ারা তাদের উদ্ধার করে আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। ঘটনার পরপরই পুলিশ ঘনামূল্যে গিয়ে শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক শিপন মোস্তারার একটি সিএনজিচালিত অটোরিকশা তদ্বাশি করে দেয়ায় অস্ত্র উদ্ধার করে।

পরে উদ্ধার করা অস্ত্রসহ সিএনজিটি জব্দ করে আমতলী থানায় নিয়ে যায়। সিএনজি মালিক সমিতির সভাপতি মিল্টন হাওলাদার অভিযোগ করে বলেন, প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ী আমরা সিএনজি পরিচালনা করছিলাম। কিন্তু রাহাত ফকির এতে বাধা দেয়। একপর্যায়ে তার লোকজন আমাদের ওপর হামলা চালিয়ে মারধর করে। এসব অভিযোগে প্রত্যাখ্যান করে রাহাত ফকির বলেন, আমি আগে থেকেই সিএনজি পরিচালনা করতাম। মিল্টন হাওলাদার জোরপূর্বক স্ট্যান্ড দখল করেছে। তা ফিরে পেতে চাইলে এমন দ্বন্দ্বের সৃষ্টি হয়। আমতলী থানার ওসি মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। একটি সিএনজি ও দেশীয় অস্ত্র জব্দ করা হয়েছে। ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।

পানির নিচে চলে যেতে

গবেষণায় দেখা গেছে, অধিকাংশ গবেষণায় সমুদ্রপৃষ্ঠের প্রকৃত উচ্চতা মাপার বদলে গাণিতিক মডেলের ওপর নির্ভর করা হয়েছে। এসব মডেল পৃথিবীর মহাকর্ষ ও ঘূর্ণনের ভিত্তিতে সমুদ্রপৃষ্ঠের অবস্থান অনুমান করে, কিন্তু জোয়ার-ভাটা, প্রোত, বাতাস ও তাপমাত্রার মতো বাস্তব উপাদান পুরোপুরি বিবেচনায় নেয় না। ফলে প্রকৃত সমুদ্রপৃষ্ঠ অনেক ক্ষেত্রে আমাদের হিسابের চেয়ে বেশি হতে পারে। গবেষণায় বলা হয়েছে, সমুদ্রপৃষ্ঠ বেড়ে যাওয়ার কারণে বিশ্বজুড়ে আগু ও প্রায় সাত কোটি ৭০ লাখ থেকে ১৩ কোটি ২০ লাখ মানুষ প্রাক্করের ঝুঁকিতে পড়তে পারেন। এটি গড়ে উপকূলীয় এলাকায় সমুদ্রপৃষ্ঠের প্রকৃত উচ্চতা বেশির মডেলের তুলনায় প্রায় এক ফুট বেশি। এ পার্থক্য সবচেয়ে বেশি দেখা যায় আফ্রিকা, দক্ষিণ-পূর্ব এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের কিছু দেশে, যেখানে সরাসরি সমুদ্রপৃষ্ঠ পরিমাপের যন্ত্র কম থাকায় মডেলের ওপর বেশি নির্ভর করত হয়। এদিকে উত্তর আমেরিকার পাকিস উপপ্দেশেও সমুদ্রপৃষ্ঠের উচ্চতা কিছুটা কম করে ধরা হয়েছিল। ক্যালিফোর্নিয়ার উপকূলে প্রকৃত সমুদ্রপৃষ্ঠ আগের হিসাবের তুলনায় প্রায় শুন দশমিক ২ থেকে ২ মিটার পর্যন্ত বেশি হতে পারে বলে গবেষণায় উল্লেখ করা হয়েছে। গবেষকদের মতে, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির প্রকৃত মাপা বিবেচনায় নিয়ে উপকূলীয় শহরগুলোর পরিকল্পনা ও বৃষ্টি মূল্যায়ন নতুন করে হালনাগাদ করা জরুরি। এতে ভবিষ্যতে সম্ভাব্য ক্ষতি মোকাবিলায় কার্যকর প্রস্তুতি নেওয়া সহজ হবে।

তাপবিদ্যুৎ কেন্দ্রের বিষছোঁয়ায়

নদী ছেড়ে চলে যাচ্ছে। জয়লাভাভার জেলে ইউনুস আলী জানান, একসময় এক রাতেই কয়েক হাজার টাকার মাছ পাওয়া যেত; এখন তিন-চার দিন নদীতে জাল ফেলেও মাছ পাওয়া যায় না। কৃষকরাও ক্ষতির মুখে পড়েছেন। নিশানবাড়িয়ার আবদুস সালাম মাতুব্বর বলেন, আগে নারিকেল ও সুপারি বিক্রি করে বছরে ভালো আয় হতো। এখন গাছে আগের মতো ফুল-ফল আসে না। অনেক গাছ শুকিয়ে যাচ্ছে, ফলে কয়েক বছরের মধ্যে পুরো এলাকা গাছশূন্য হয়ে যেতে পারে। স্থানীয়রা আরও অভিযোগ করেছেন, কেন্দ্র থেকে উৎপন্ন ছাই বা ফ্লাই আশ সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে না, যা বাতাস ও মানুষের স্বাস্থ্যের জন্য হুমকি। স্থানীয় গৃহিণী রহিমা বেগম বলেন, ‘ধোঁয়া ও ছাইয়ের কারণে শিশু ও বয়স্করা অসুস্থ হয়ে পড়ার ভয় আছে।’ স্থানীয় চিকিৎসকরা জানিয়েছেন, ডুকের সমস্যা, শ্বাসকষ্ট ও পানিবাহিত রোগের ঘটনা বৃদ্ধি পেয়েছে। পরিবেশ সংরক্ষণে কাজ করা সংগঠন ধরিত্রী রক্ষায় আমরা’র বরগুনা জেলা শাখার সদস্য সচিব মুশফিক আরিফ বলেন, ‘ছাই, গরম পানি ও রাসায়নিক বর্জ্য নদী, জমি ও বাতাসে দূষণ সৃষ্টি করছে। তিনি সতর্ক করেছেন, কার্যকর নজরদারি ও বর্জ্য ব্যবস্থাপনা না করা হলে পারায় নদীর এই অংশ দ্রুত মৃত নদীতে পরিণত হতে পারে।’ ৩০৭ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন কেন্দ্রটি নির্মাণ শুরু হয় ২০১৭ সালে এবং ২০২২ সালের ১ জানুয়ারি চালু হয়। এটি পরিচালনা করছে বরিশাল ইলেকট্রিক পাওয়ার কোম্পানি লিমিটেড, যৌথ বিনিয়োগে নির্মিত হয়েছে চীনের পাওয়ার চায়না রিসোর্স ও বাংলাদেশের আইসোটেক গ্রুপ। স্থানীয়রা দাবি করেন, উন্নয়ন অবশ্যই প্রয়োজন, কিন্তু তা যেন প্রকৃতি, নদী ও মানুষের জীবন-জীৱিকাকে ক্ষতিগ্রস্ত না করে। তারা চাচ্ছেন, নিদ্রাৎ উৎপাদনের পাশাপাশি পরিবেশ ও উপকূলীয় মানুষের স্বার্থ রক্ষার ব্যবস্থা নিশ্চিত হোক। বরগুনার মানুষের প্রত্যাশা: উন্নয়ন হবে, কিন্তু জীবনের বিনিময়ে নয়, না হলে পুরো অঞ্চল একটি ভয়াবহ পরিবেশ ও মানবিক সংকটের মুখে পড়বে।

বরিশালের ৮ সড়কে ব্যাটারিচালিত রিকশা

মানা না হলে ঈদের পর কঠোর আন্দোলনে যাওয়ার ঈশয়ারি দেন রিকশা শ্রমিকরা। তাদের দাবি, রোজায় এখন তারা ২০০ টাকাও আয় করতে পারছেন না। এ সময় তারা নগরীর সদর রোড, জিলাঙ্গুল মোড়, লাইন রোড, গির্জা মহল্লা ও কাটপট্টি রোডসহ আট সড়কে ব্যাটারিচালিত রিকশা ব্যবহার দাবি জানান। বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন, মো. চান মিয়া, দুলাল, আলমগীর হোসেন, শাজাহান মিয়াসহ আরও অনেকে। এদিকে রিকশাচালকদের বিক্ষোভে সাধারণ মানুষও দানবীচালিত রিকশার মাধ্যমে দুর্ঘটনার শিকার হওয়া ব্যক্তিরা যোগ দেন।

জুলুমতান্ত্রিক বিশ্বব্যবস্থার বিরুদ্ধে

সমাজ-রাষ্ট্র ও শাসননীতির বিজয় হয়। বাস্তব খুবই নগণ্য নোদান দিয়ে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিপুল এক অপশক্তির বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন এবং আল্লাহর রহমতে জয় পেয়েছিলেন। এই ঘটনা আমাদের জািলেরে বাহকি শক্তিমত্তা উপেক্ষা করে সত্য ও ন্যায়ের পথে অবিলম্ব থাকার প্রেরণা জোগায়। এই দিনে আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি বিশেষ দরদ্র ও সালাম প্রেরণ করছি এবং সব বদরী সাহাবায়ে কোরামের প্রতি শ্রদ্ধা ও সালাম প্রেরণ করছি। বর্তমান বিশ্ব পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি আরও বলেন, ‘শাসন পরিচালনায় এখন ন্যায় ও ইনসাফের বদলে হিংসা, লোভ ও সহিসসতাই মূলনীতি হিসেবে বিবেচ্য হচ্ছে। আন্তর্জাতিক ক্ষেত্রে কোনো নিয়ম ও আইনের তোয়াক্কা কেউ করছে না। কিন্তু মানুষের খামখেয়ালির কারণে গোটা বিশ্বের শত কোটি মানুষ নানামাত্রিক বিপদে নিপতিত হচ্ছে। হাজারো মানুষের জীবন যাচ্ছে, নিষ্পাপ শিশুদের প্রাণ যাচ্ছে। রেজাউল করীম বলেন, জুলুমতান্ত্রিক এই বিশ্বব্যবস্থার বিরুদ্ধে লাড়হিয়ের ক্ষেত্রে ঐতিহাসিক বরদয়ুগ শাস্ত্র প্রেরণার উৎস। বাহাত আমাদের শক্তি-সামর্থ্য যতই কম দেখাক না কেন আমরা যদি অটল-অবিচল থেকে সংগ্রাম করতে পারি তাহলে বিজয় আমাদের হবেই।

ই-রেজিস্ট্রেশন করল

প্রতিষ্ঠানগুলোর ই-রেজিস্ট্রেশন কার্যক্রম গত ৯ ফেব্রুয়ারি থেকে ২২ ফেব্রুয়ার পর্যন্ত নির্ধারিত ছিল। সময়সীমা আগামী ১ মার্চ তার ১২টী পর্যন্ত বর্ধিত করা হলো। এ ছাড়া এই সময়ের মধ্যে যে সব শিক্ষাপ্রতিষ্ঠান ই-রেজিস্ট্রেশনের সময় তথ্য ভুল দিয়েছেন, সেসব শিক্ষাপ্রতিষ্ঠান ভুল সংশোধন (এডিট) করতে পারবেন। এ-সংক্রান্ত বিস্তারিত তথ্য এনটিআরসিএ-এর ওয়েবসাইটে (www.ntwrrc.gov.bd) ‘ই-রেজিস্ট্রেশন’ সেবাবক্সের ই-রেজিস্ট্রেশন নির্দেশিকা মেনুতে পাওয়া যাবে বলে উল্লেখ ছিল। এনটিআরসিএর আইন ২০০৫ এবং পরিপত্র অনুসারে এমপিওভুক্ত শূন্যপদের ক্ষেত্রে ই-রেজিস্ট্রেশন এবং ই-রিকুইজিশন করা বাধ্যতামূলক। বন্যাতায় প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠানের এমপিও বাতিলকরণসহ আইনিব্যবস্থা গ্রহণা করা হবে। এমন পরিস্থিতিতে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসরকে উপরোক্তবিধি নির্দেশিকা অনুসরণে নির্ধারিত শূন্যপদের মধ্যে ই-রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিশ্ববাজারে তেলের দাম

কারণে শেয়ারবাজারেও পতন দেখা দিয়েছে। টিআরটি ওয়ার্ল্ডের প্রতিবেদন অনুযায়ী, ইরানের ওপর মার্কিন-ইসরায়েলি যুদ্ধ এবং পারস্য উপসাগরীয় অঞ্চলে তেহরানের পাষ্টা হামলার ফলে বিশ্বের জ্বালানি ও পরিবহন খাত বিপর্যস্ত হয়ে পড়েছে। হামলার ফলে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালী দিয়ে জাহাজ চলাচল কার্যত বন্ধ হয়ে গেছে। আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী, ব্রেন্ট নর্থ সি ক্রুড তেলের দাম আজ ৮.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ব্যারেলপ্রতি ৯২.৬৯ ডলারে পৌঁছেছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের ‘নিঃশর্ত আত্মসমর্পণ’ ছাড়া যুদ্ধ থামবে না বলে ঘোষণা করার পর এক সপ্তাহেই তেলের দাম প্রায় ৩০ শতাংশ বৃদ্ধি পেল। যুক্তরাষ্ট্রের প্রধান তেল চুক্তি ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট ১২ শতাংশের বেশি বেড়ে ব্যারেল প্রতি ৯০ ডলার ছাড়িয়ে গেছে, যা এক সপ্তাহে তেলের দাম বৃদ্ধির ইতিহাসে সর্বোচ্চ রেকর্ড। হরমুজ প্রণালি দিয়ে বিশ্বের এক-পঞ্চমাংশ অপরিশোধিত তেল এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাস সরবরাহ করা হয়। বর্তমানে এই পথে সামুদ্রিক যান চলাচল প্রায় পুরোপুরি বন্ধ। এদিকে দক্ষিণ ও উত্তর ইরাকের তেলক্ষেত্রগুলোতে হামলার খবর পাওয়া গেছে, যার ফলে একটি মিল্টন-পরিচালিত তেলক্ষেত্রে উৎপাদন এক-তৃতীয়াংশ বন্ধ রাখতে হয়েছে। ওয়াল স্ট্রিট জার্নালের প্রতিবেদনেও বলা হয়েছে, ধারণক্ষমতার আধারে কয়েকটি তেল উৎপাদন কমাতে শুরু করেছে। দীর্ঘ সময় ধরে জ্বালানির উচ্চমূল্য বজায় থাকলে পুনরায় বিশ্বজুড়ে মুদ্রাস্ফীতি দেখা দেওয়ার শঙ্কা তৈরি হয়েছে। এর ফলে বিশ্ব অর্থনীতি ক্ষতিগ্রস্ত হতে পারে এবং প্রবৃদ্ধির জন্য কেন্দ্রীয় ব্যাংকগুলোয় সুদের হার কমানোর সক্ষমতাও সীমিত হয়ে পড়বে।

সেমাই কারখানায় ভ্রাম্যমান

হয়। জামানাম আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. রেজওয়ানুল হক জানান, জনস্বাস্থ্য সুরক্ষায় বাজারে নিরাপদ খাদ্য নিশ্চিত করতে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

চাঞ্চল্যকর তথ্য ফাঁস

মার্কিন বাহিনীর ওপর হামলায় ইরানকে গোয়েন্দা তথ্য দিচ্ছে রাশিয়া

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যে মোতায়েন মার্কিন সামরিক বাহিনীর ওপর নিখুঁত হামলা চালানোর জন্য ইরানকে অত্যন্ত স্পর্শকাতর গোয়েন্দা তথ্য সরবরাহ করছে রাশিয়া। এ বিষয়ে অবগত তিনজন কর্মকর্তার বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেছে দ্য ওয়াশিংটন পোস্ট। খবরে বলা হয়েছে, এই যুদ্ধে কোনো শক্তিশালী মার্কিন প্রতিপক্ষের পরোক্ষভাবে যুক্ত হওয়ার এটিই প্রথম প্রমাণ। প্রতিবেদন অনুযায়ী, যুদ্ধ শুরু হওয়ার পর থেকেই রাশিয়া ইরানের কাছে মার্কিন যুদ্ধজাহাজ এবং যুদ্ধবিমানের অবস্থানসহ বিভিন্ন সামরিক স্থাপনার সুনির্দিষ্ট তথ্য পাঠাচ্ছে। এই ধরনের সহযোগিতা ইঙ্গিত দিচ্ছে যে, চলমান মধ্যপ্রাচ্য সংকট এখন একটি বিশ্বব্যাপী রূপ নিতে যাচ্ছে, যেখানে পারমাণবিক শক্তির রাশিয়া তার উন্নত গোয়েন্দা সক্ষমতা দিয়ে ইরানকে সাহায্য করছে। একজন কর্মকর্তা এই প্রচেষ্টাকে ‘রেশ বিস্তৃত’ হিসেবে বর্ণনা করেছেন। তবে ক্রেমলিনের মুখপাত্র দিমিত্রি পেসকভ এই বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হননি। রাশিয়ার সহায়তার বিষয়ে মন্তব্য করেন সিআইএ এবং পেন্টাগনও। বিশ্লেষকদের মতে, ইরানের সাম্প্রতিক হামলাগুলো অত্যন্ত নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে আঘাত হানছেডুয়েমন কমান্ড ও কন্ট্রোল অবকাঠামো, রাডার ব্যবস্থা এবং অস্থায়ী সামরিক স্থাপনা। গত রোববার কয়েকতে ইরানের ড্রোন হামলায় ছয় মার্কিন সেনা নিহত এবং বেশ কয়েকজন আহত হয়েছেন। এছাড়া রিয়াদে মার্কিন দূতাবাসের ভেতর অবস্থিত সিআইএর স্টেশনটিও ইরানি হামলায় পুরোপুরি ধ্বংস হয়ে গেছে। মার্কিন পররাষ্ট্র দপ্তরের এক অত্যন্তদীর্ণ থথিতে বলা হয়েছে, দূতাবাসের একাংশ এমনভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে যে তা আর ব্যবহারযোগ্য নেই। কার্নেগি এনডাউমেন্ট ফর ইন্টারন্যাশনাল পিস-এর বিশেষজ্ঞ দারা মাসিকোট বলেন, ইরান খুব নিখুঁতভাবে মার্কিন আলি-ওয়ার্নিং রাডার এবং কমান্ড সেন্টারগুলোকে লক্ষ্যবস্তু বানাচ্ছে। দেশটির নিজস্ব সামরিক স্যাটেলাইট খুব সীমিত এবং তাদের কোনো বড় স্যাটেলাইট নেটওয়ার্কও নেই। ফলে রাশিয়ার উন্নত মহাকাশভিত্তিক নজরদারি সক্ষমতা থেকে পাওয়া তথ্য তাদের জন্য অত্যন্ত মূল্যবান হতে পারে। হার্ভার্ড কেনেডি স্কুলের বেলগার সেন্টারের গবেষক নিকোল গ্রোজভস্কি বলেন, ইরানের পাষ্টা হামলাগুলোতে উচ্চমানের কৌশলগত দক্ষতা দেখা যাচ্ছে। অনেক ক্ষেত্রে তারা যুক্তরাষ্ট্র ও মিত্রদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থাও ভেদ করতে সক্ষম হয়েছে। দুইজন কর্মকর্তা জানিয়েছেন, ইরানের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক থাকা সত্ত্বেও চীন আপাতত দেশটির প্রতিরক্ষায় সরাসরি সহায়তা করছে বলে কোনো প্রমাণ পাওয়া যায়নি। বিশ্লেষকদের মতে, ইউক্রেন যুদ্ধে যুক্তরাষ্ট্র যেভাবে ইউক্রেনকে গোয়েন্দা তথ্য দিয়ে সাহায্য করছে, রাশিয়া এখন মধ্যপ্রাচ্যে ইরানকে সাহায্য করার মতো তার ‘প্রতিশোধ’ নিচ্ছে। ইউক্রেনীয় প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি এরই মধ্যে জানিয়েছেন, ট্রাম্প প্রশাসন ইরানের ড্রোন মোকাবিলায় ইউক্রেনের বিশেষজ্ঞদের সহায়তা চেয়েছে।

গাঁজা সেবন দেখে ফেলায় শিশুকে হত্যা করে পুড়িয়ে দিলো যুবক

কীর্তনখোলা ডেস্ক

গাজীপুরে গাঁজা সেবনের দৃশ্য দেখে ফেলায় এবং তা অন্যকে বলে দেওয়ার কথা বলায় এক মাদরাসা ছাত্রকে শ্বাসরোধে হত্যার পর আশুন দিয়ে পুড়িয়ে দিচ্ছে এক যুবক। এ ঘটনায় জড়িত যাতক যুবককে গ্রেফতার করেছে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। বৃহস্পতিবার (৫ মার্চ) রাতে তথ্য প্রযুক্তির সহায়তায় জয়দেবপুরের ভবানীপুর এলাকা থেকে ছািকিরকে গ্রেফতার করা হয়। নিহত শিশুর নাম মাহাবুব আলম রনি (১৩)। অপরদিকে গ্রেফতার যুবকের নাম ছািকির আহমেদ (১৯)। তিনি ময়মনসিহের ঈশ্বরগঞ্জের দেওয়ানগঞ্জ বাজার এলাকার মো. আব্দুল বারেকের ছেলে। সািকির গাজীপুর সদমের ভবানীপুর ফকিররা গার্মেন্ট সংলগ্ন ছাইজি ইকবাল হোসেনের বাড়ির ভাড়াটিয়া। মামলার তদন্তকারী কর্মকর্তা পিবিআইয়ের এসআই বিশ্বজিৎ বিশ্বাস জানান, নিহত রনি ভবানীপুর পূর্বপাড়া এলাকার খুরশিদ্দায়া মারকাভুল উলুম কওম মাদ্রাসা ও এতিমখানার নাজেরা বিভাগে গল্প ছাত্র ছিল। গত ২৭ ফেব্রুয়ারি রাতে তারাবি নামাজ পড়ে বাসায় ফেরার পথে নিষোজ হয় সে। পরদিন সকালে ভবানীপুর পূর্বপাড়া এলাকার একটি জঙ্গলের ভেতর থেকে তার দম্ধ মরদেহ উদ্ধার করা হয়। মরদেহের কোমর থেকে মাথা পর্যন্ত অংশ আঙুনে পোড়া ছিল। পরে রনির দাদা বাদী হয়ে জয়দেবপুর থানায় মামলা দায়ের করেন। তিনি জানান, পরে পিবিআই মামলাটির তদন্ত করে তথ্য প্রযুক্তির সহায়তায় জয়দেবপুর থানাধীন ভবানীপুর এলাকা থেকে গত বৃহস্পতিবার রাতে ঘটনা সঙ্গে জড়িত ছািকির আহমেদকে গ্রেফতার করে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে ছািকির এই ঘটনার সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করে আদালতে ১৬৪ স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেন। এ বিষয়ে পিবিআই গাজীপুরের পুলিশ সুপ

প্রতিবেশী দেশে হামলা হবে না, নিশ্চিত করল ইরানের বিপ্লবী গার্ড বাহিনী

কীর্তনখোলা ডেস্ক
ইরানের প্রেসিডেন্ট মামুন পেজেশকিয়ানের বিবৃতির পর এবার ইসলামিক রেভলুশানারি গার্ড কর্পস (আইআরজিসি) নিশ্চিত করল, তারা প্রতিবেশী দেশে আর হামলা করবে না। আইআরজিসি বলেছে, 'আমরা প্রতিবেশীদের সার্বভৌমত্বকে ও এর পাতায় দেখুন

বরিশাল ১১ রবিবার ১০৮ মার্চ ২০২৬ ১২৩ ফাল্গুন ১৪৩২

ইরান ‘আত্মসমর্পণ করেছে’ দাবি ট্রাম্পের

কীর্তনখোলা ডেস্ক
মুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, ইরান মধ্যপ্রাচ্যের প্রতিবেশী দেশগুলোর কাছে আত্মসমর্পণ করেছে। এছাড়া ভবিষ্যতে প্রতিবেশী দেশগুলোকে দিকে আর হামলা চালাবে না বলে প্রতিশ্রুতি দিয়েছে। শনিবার ৩ এর পাতায় দেখুন



বিয়েতে রাজি না হওয়ায় অশ্লীল ভিডিও ধারণ, প্রেমিক প্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে চার বছর প্রেম করার পর বিয়েতে রাজি না হওয়ায় প্রেমিকার অশ্লীল ভিডিও ধারণ করেছে প্রেমিক। এ ঘটনায় মামলা দায়েরের পর প্রেমিককে প্রেফতার করেছে কোতোয়ালি মডেল থানা পুলিশ। শুক্রবার (৬ মার্চ) দিবাগত রাতে বরগুনা জেলার পল্লিবিদ্যুৎ অফিস থেকে কথিত প্রেমিক হৃদয়ের প্রেফতার

করার বিষয়টি নিশ্চিত করেছেন কোতোয়ালি মডেল থানার ওসি আল মামুন উল ইসলাম। প্রেফতার হৃদয় মন্ডল (২৬) বানারিপাড়া উপজেলার মল্লহার গ্রামের রিপন মন্ডলের ছেলে। তিনি পল্লীবিদ্যুতের কর্মচারী বলে জানা গেছে। ওসি আল মামুন হৃদয়কে বরগুনা নগরীর এক কলেজ শিক্ষার্থী হৃদয়ের বিরুদ্ধে পর্নোগ্রাফি ও ধর্ষণ চেষ্টার

অভিযোগে মামলা দায়ের করেন। মামলা দায়েরের পরপরই হৃদয়কে বরগুনা থেকে প্রেফতার করা হয়। মামলা সূত্রে জানা গেছে, প্রেফতার হৃদয় ও ওই কলেজ শিক্ষার্থী একই গ্রামের বাসিন্দা। তাদের মাঝে প্রেমের সম্পর্ক ছিল। কয়েকদিন আগে হৃদয় বিবাহের কথা বলে তারে রাজি হয়নি প্রেমিকা। এরপর হৃদয় ৩ এর পাতায় দেখুন



বরিশালের ৮ সড়কে ব্যাটারিচালিত রিকশা চলাচল বন্ধের দাবিতে বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে আট সড়কে ব্যাটারিচালিত রিকশার চলাচল বন্ধের দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছে প্যাডেল চালিত রিকশা চালকরা। শনিবার (৭ মার্চ) বেলা সাড়ে ১১টায় নগরীর সদর রোডের অশ্বিনী কুমার হলের সামনে বিক্ষোভ করে তারা। বিক্ষোভ সমাবেশে রিকশা চালকরা বলেন, বরিশালে ব্যাটারি চালিত রিকশা দিন দিন বাড়ছে। ফলে নগরীর জটিল দীর্ঘ যানজটসহ বিভিন্ন সমস্যা দৃশ্যমান ঘটছে। নগরীর সদর রোডসহ আটটি সড়কে ব্যাটারি চালিত রিকশা চলাচল নিষেধ থাকার পরও তা মানা হচ্ছে না। তাদের দাবি ৩ এর পাতায় দেখুন



জুলুমতান্ত্রিক বিশ্বব্যবস্থার বিরুদ্ধে ঐতিহাসিক বদরযুদ্ধ প্রেরণার উৎস চরমনোই পীর

কীর্তনখোলা ডেস্ক
জুলুমতান্ত্রিক বিশ্বব্যবস্থার বিরুদ্ধে ঐতিহাসিক বদরযুদ্ধ শাশ্বত অনুপ্রেরণার উৎস বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম পীর চরমনোই। ঐতিহাসিক বদর দিবস উপলক্ষে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ কথা বলেন তিনি। বিবৃতিতে পীর চরমনোই বলেন, ২ হিজরির ১৭ রমজান (১৩ মার্চ ৬২৪ খ্রিষ্টাব্দ) মদিনার মুসলিম ও মক্কার কুরাইশদের মধ্যে সংঘটিত যুদ্ধ। ইসলামের ইতিহাসে এটি প্রথম সবচেয়ে বড় যুদ্ধ। এই যুদ্ধের মাধ্যমেই জালাম শাসন ব্যবস্থার বিরুদ্ধে সাম্য ও ন্যায়ভিত্তিক আইনের ৩ এর পাতায় দেখুন

ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান নিয়ে বিএনপি-বিজেপি হাতাহাতি

ভোলা প্রতিনিধি
ভোলার সদর উপজেলার ইলিশা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান ও আওয়ামী লীগ সমর্থিত সদস্যদের পরিষদে আসা নিয়ে বিএনপি-বিজেপির নেতাকর্মীদের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটেছে। তবে এ ঘটনায় ইলিশা ইউনিয়নের প্যানেল

শনিবার (৭ মার্চ) ইউনিয়ন পরিষদ আড্ডিনায় এ ঘটনা ঘটে। তবে বিজেপির দাবি, বিএনপির দুই পক্ষের মধ্যে এ ঘটনা ঘটেছে। এ ঘটনার সঙ্গে বিজেপির কোনো সম্পর্ক নেই। স্থানীয় একাধিক সূত্রে জানা গেছে, ভোলার সদর উপজেলার ইলিশা ইউনিয়নের প্যানেল

চেয়ারম্যান ছিলেন ৯ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য লিটন শিকদার। প্রশাসক ছিলেন সদর উপজেলা আইসিটি কর্মকর্তা। তার বদলিজনিত কারণে প্যানেল চেয়ারম্যানকে দিয়ে পরিষদ পরিচালনার প্রক্রিয়া শুরু হয়। সূত্র আরো জানায়, ৫ আগস্টের পরে ৩ এর পাতায় দেখুন

অপারেশন থিয়েটারে শিশুর গালে থাপ্পড় মারলেন ওটি বয়

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে অপারেশন থিয়েটারে ব্যথায় কান্না করায় আট বছরের শিশুকে থাপ্পড় মারার অভিযোগ উঠেছে ওটি বয়ের বিরুদ্ধে।

এতে শিশুর চোখে রক্তজন্ট বেঁধেছে। শুক্রবার (০৬ মার্চ) রাতে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেরাবিটা) হাসপাতালের অর্থেপেডিক অপারেশন থিয়েটারে এ ঘটনা ঘটে। এ ঘটনায় অভিযুক্ত অফিস সহায়ক জিএম নাজমুল হাসানকে চারুকি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। পাশাপাশি তার বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল প্রশাসন। হাসপাতালে চিকিৎসা নিতে

এসে নির্মমতার শিকার শিশু মো. লিমন (৮) পটুয়াখালী সদর উপজেলার ইটবাড়িয়া ইউনিয়নের পুকুরজানা গ্রামের লিটন শিকদারের ছেলে। বর্তমানে হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। ঘটনার প্রত্যক্ষদর্শী শিশুর চাচা মো. আনহার শিকদার জানান, আমার ভাইজা স্থানীয় পুকুরজানা মাদ্রাসার তৃতীয় শ্রেণির ছাত্র। শুক্রবার খেলা করতে গিয়ে শাবলের আঘাতে তার ডান হাতের একটি আঙুল বিচ্ছিন্ন হয়ে যায়। ওইদিন দুপুর ১টার দিকে তাকে হাসপাতালে ভর্তি করা ৩ এর পাতায় দেখুন



পানির নিচে চলে যেতে পারে ৩৭ শতাংশ ভূমি

কীর্তনখোলা ডেস্ক
বিশ্বজুড়ে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা এতদিন যে হিসাবে ধরা হচ্ছিল, বাস্তবে তা আরও বেশি হতে পারে। গবেষকদের হিসাব অনুযায়ী, যদি সমুদ্রপৃষ্ঠ প্রায় তিন ফুট বাড়ে, তবে বর্তমান ধারণার তুলনায় প্রায় ৩৭ শতাংশের বেশি ভূমি পানির নিচে চলে যেতে পারে। এতে উপকূলীয় এলাকায় বসবাসকারী কোটি কোটি মানুষ আগের ধারণার তুলনায় বেশি ঝুঁকিতে পড়তে পারেন। নেদারল্যান্ডসের ওয়াগেনিংজেন বিশ্ববিদ্যালয়ের দুই গবেষকের পরিচালিত এ গবেষণা সম্প্রতি বিজ্ঞান সাময়িকী নেচারে প্রকাশিত হয়েছে। এতে ২০০৯-২৫ সালের মধ্যে প্রকাশিত উপকূলীয় বন্যা ও সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি বিষয়ক ৩৮৫টি গবেষণা বিশ্লেষণ করা হয়। ৩ এর পাতায় দেখুন

তাপবিদ্যুৎ কেন্দ্রের বিষছোঁয়ায় বদলে যাচ্ছে বরগুনা

বরগুনা প্রতিনিধি
বরগুনার তালতলী ও খোটার চর, পায়রা নদীর মোহানায় নির্মিত কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রকে ঘিরে পরিবেশ ও মানুষের জীবিকার বড় উদ্বেগ দেখা দিয়েছে। স্থানীয়রা অভিযোগ করছেন, প্রকল্প বাস্তবায়নের সময় রাজনৈতিক প্রভাব, অনিয়ম ও দুর্নীতি চলে। স্থানীয়দের দাবি, তৎকালীন আওয়ামী লীগ সরকারের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগে কেন্দ্রটি স্থাপিত হয়। সে সময় উন্নয়ন, কর্মসংস্থান ও পরিবেশের উন্নতির আশ্বাস দেওয়া হয়েছিল। তবে বাস্তবে সেই প্রতিশ্রুতি পূরণ হয়নি। প্রকল্প বিরোধী আন্দোলন উদ্বেগ করে রাজনৈতিক প্রভাব খাটিয়ে তা চালু করা হয়। স্থানীয় কিছু প্রভাবশালী নেতা দ্রুত সম্পদের মালিক হন। পার্শ্ববর্তী শুভসন্ধ্যা চর থেকে অবৈধ বালু উত্তোলনের অভিযোগও রয়েছে, যা পরিবেশকে ক্ষতিগ্রস্ত করেছে। জেলাদের দাবি, বিদ্যুৎ কেন্দ্র থেকে নির্গত গরম পানি ও রাসায়নিক বর্জ্যের কারণে পায়রা নদীর স্বাভাবিক পরিবেশ নষ্ট হচ্ছে। ইলিশসহ বিভিন্ন মাছ এখন ৩ এর পাতায় দেখুন

সেমাই কারখানায় ভ্রাম্যমান আদালতের অভিযান

লালমোহন প্রতিনিধি
লালমোহন উপজেলার নাঙ্গলখালি এলাকার হেলাল সেমাই কারখানায় অভিযান পরিচালনা করা হয়। চিডিসি ফটো ভোলার লালমোহন উপজেলার একটি সেমাই কারখানায় অভিযান পরিচালনা করেছে ভ্রাম্যমান আদালত। এ সময় অস্বাস্থ্যকর পরিবেশে সেমাই উৎপাদনের অভিযোগে কারখানা মালিককে ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। শনিবার (৭ মার্চ) বিকেলে উপজেলার নাঙ্গলখালি এলাকার হেলালে সেমাই কারখানায় এ অভিযান পরিচালনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. রেজওয়ানুল হক। অভিযান চলাকালে দেখা যায়, কারখানার তেঁতে অস্বাস্থ্যকর পরিবেশে সেমাই তৈরি করা হচ্ছে এবং উৎপাদিত পণ্যের মধ্যমধ্যে প্যাকেজিং ব্যবস্থাও ছিল না। এ ধরনের অনিয়মের দায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী কারখানাটিকে ২০ হাজার টাকা জরিমানা করা ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডিউট. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার:
এমপিওভুক্ত ভাষাগণসিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১০৪৪০৮, ০১৭১১-২৪০৯৬৬
০১৭১৪-০৬৪৮৮৬, ০১৭০৬-০৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিশ্ববাজারে তেলের দাম আকাশচুম্বী

কীর্তনখোলা ডেস্ক
মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধের কারণে বিশ্ববাজারে অপরিমোচিত জ্বালানি তেলের দাম গত এক সপ্তাহে নজিরবিহীনভাবে বৃদ্ধি পেয়েছে। শুক্রবার (৬ মার্চ) আন্তর্জাতিক বাজারে তেলের দাম ৮.৫ শতাংশ থেকে ১২ শতাংশ পর্যন্ত বেড়ে ব্যারেলপ্রতি ৯৩ মার্কিন ডলার ছাড়িয়েছে, যা গত দুই বছরের মধ্যে সর্বোচ্চ। এর ফলে যুদ্ধ শুরু এক সপ্তাহেই তেলের দাম প্রায় ৩০ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেল। অন্যদিকে, যুক্তরাষ্ট্রে নিয়োগ সংক্রান্ত দুর্বল তথ্যের ৩ এর পাতায় দেখুন



মেঘনায় মৎস্য অধিদপ্তরের অভিযানে হামলা, দুই জেলে আটক

বারুগঞ্জ প্রতিনিধি
বরিশালের হিজলায় মৎস্য অধিদপ্তরের অভিযানে জেলেরা হামলা চালিয়েছেন। গতকাল শনিবার সকাল ৮টার দিকে উপজেলার আলীগঞ্জ এলাকায় মেঘনা নদীতে এ হামলার ঘটনা ঘটে। এ সময় ট্রলার ও বেহুদি জালসহ দুই জেলেকে আটক করা হয়। মৎস্য অন্বেষণে মেঘনায় উপজেলা মৎস্য কর্মকর্তা লোকজনের নিয়ে অভিযানে গেলে একটি বড় ট্রলারে ৮-১০ জন জেলে বাঁশের লাঠি নিয়ে অভিমানকারী দলের ওপর হামলা করেন। ৩ এর পাতায় দেখুন

পঞ্চম শ্রেণির শিক্ষার্থীকে ধর্ষণ চেষ্টার অভিযোগ

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদে পঞ্চম শ্রেণির (১১) এক শিক্ষার্থীকে ধর্ষণ চেষ্টার অভিযোগ উঠেছে রতন মোল্লা (৫৭) নামের প্রতিবেশীর বিরুদ্ধে। অভিযুক্ত রতন মোল্লা উপজেলার জলাবাড়ি ইউনিয়নের ২নং ওয়ার্ডের কামারকাঠী গ্রামের মো. মোজাহার মল্লার ছেলে। ভুক্তভোগী ওই স্কুল ছাত্রী ব্রাহ্মণকাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ছাত্রী। শনিবার (৭ মার্চ) দুপুরে উপজেলার জলাবাড়ি ইউনিয়নের ২ নং ওয়ার্ডের কামারকাঠি গ্রামের ভুক্তভোগীর নিজ বাড়িতে এ ঘটনা ঘটে। ভুক্তভোগী ওই স্কুল ছাত্রীর মা নিপা রানী ৩ এর পাতায় দেখুন



সিএনজি স্ট্যান্ড দখল নিয়ে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলীতে সিএনজিচালিত অটোরিকশা স্ট্যান্ডের নিয়ন্ত্রণ ও দখলকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে দুই জন আহত হয়েছেন। সেখানে সিএনজি থেকে দেশীয় অস্ত্র উদ্ধার করেছে পুলিশ। শনিবার (৭ মার্চ) দুপুরের দিকে আমতলী ৩ এর পাতায় দেখুন



৭ মার্চ উপলক্ষ্যে ছাত্রলীগের পতাকা উত্তোলন

বেতাগী প্রতিনিধি
ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে বরগুনার বেতাগীতে নিম্নলিখিত সংগঠন ছাত্রলীগের পক্ষ থেকে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলনের ঘটনা ঘটেছে। শনিবার দুপুরে বেতাগী সরকারি কলেজ চত্বরে শহীদ মিনার প্রাঙ্গণে 'জয় বাংলা' প্রোগ্রাম দিয়ে এ পতাকা উত্তোলন করা হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, বেতাগী সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. মেহেদী হাসান মুসার নেতৃত্বে কয়েকজন নেতাকর্মী কলেজ ক্যাম্পাসে জাতীয় পতাকা ও ছাত্রলীগের দলীয় পতাকা উত্তোলন করেন। স্থানীয় ৩ এর পাতায় দেখুন

নিরাপদ ভ্রমণ খামারের অধিকার
পালকি এক্সপ্রেস
Palki Express
ভাণ্ডারিয়া-পিরোজপুর
নাজিরপুর-গোপালগঞ্জ
ঢাকা-গুলিস্তান
শ্যামলী-কল্যাণপুর
মিরপুর-কালশী-কচুক্ষেত
পরিচালনায়ঃ মোঃ বেদ্বাল মল্লিক
সার্বিক তত্ত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক
ভাণ্ডারিয়া কাউন্টারঃ
01321-183180, 01771-486723

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtankhola@gmail.com